গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন

এবং

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর সচিব এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১ ,২০১৫ -জুন ৩০ ,২০১৬

## সূচিপত্র

জয়িতা ফাউন্ডেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র...........................................................৩ পৃষ্ঠা

উপক্রমনিকা (Preamble) ......................................................................................৫ পৃষ্ঠা

সেকশন ১: জয়িতা ফাউন্ডেশনের রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.........৬ পৃষ্ঠা

সেকশন ২: জয়িতা ফাউন্ডেশনের বিভিন্ন কার্যক্রমের প্রভাব.................................................৮ পৃষ্ঠা

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ........৯ পৃষ্ঠা

সংযোজনী ১: আদ্যক্ষরাসমূহ..........................................................................................২১ পৃষ্ঠা

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপন পদ্ধতি.......২২ পৃষ্ঠা

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা...২৩পৃষ্ঠা

# জয়িতা ফাউন্ডেশনের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Joyeeta Fundation)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ:

বিগত ২০১১ সালের নভেম্বর মাসে মহিলা বিষয়ক অধিদপ্তর অর্থমন্ত্রণালয়ের আর্থিক সহায়তাপুষ্ট একটি কর্মসূচির মাধ্যমে জয়িতা কার্যক্রম বাস্তবায়ন শুরু করে। উল্লিখিত কর্মসূচির মূল উদ্দেশ্য ছিল, নারীদেরকে ব্যবসায়ী উদ্যোগে সম্পৃক্ত হওয়ার সুযোগ দিয়ে নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন প্রক্রিয়ায় অবদান রাখা।

কর্মসূচির মূল উদ্দেশ্যের সহিত সংগতি রেখে ঢাকা শহরের অন্যতম গুরুত্বপূর্ণ বাণিজ্যিক এলাকা ধানমন্ডিতে অবস্থিত রাপা প্লাজার ৪র্থ ও ৫ম তলায় প্রায় ২৪০০০ বর্গফুট ফ্লোর স্পেস ভাড়া নিয়ে জয়িতা বিপণন কেন্দ্র শুরু করা হয় । জয়িতা বিপণন কেন্দ্রে ১৩৯টি স্টলে দেশের প্রত্যন্ত অঞ্চলের মোট ১৮০টি মহিলা উদ্যোক্তা সমিতিকে তাদের উৎপাদিত পণ্য বিপণনের সুযোগ করে দেয়া হয় । এ উদ্যোগের সাথে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে প্রায় ১৪০০০ জন নারী প্রাথমিক ভাবে সম্পৃক্ত হয়। উদ্যোক্তা নারী সমিতিগুলিকে ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় অবকাঠামোগত সুবিধা প্রদান, ব্যবসা ব্যবস্থাপনা জ্ঞান-দক্ষতা মূলক প্রশিক্ষণ প্রদান ও প্রচার প্রসারে সরকার আর্থিক সহায়তা প্রদান করে । উদ্যোক্তা সমিতিগুলি এককালীন ন্যূনতম পরিমান অর্থ জমা দিয়ে মাসিক নির্ধারিত ভাড়ার বিনিময়ে স্ব স্ব ব্যবসা পরিচালনা আরম্ভ করে।

বিগত ১৬ নভেম্বর, ২০১১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জয়িতা কার্যক্রম উদ্বোধন করেন। উদ্বোধনকালে মাননীয় প্রধানমন্ত্রী জয়িতা কার্যক্রমকে পর্যায়ক্রমে দেশের বিভিন্ন বিভাগ, জেলা ও উপজেলায় সম্প্রসারণের অভিপ্রায় ব্যক্ত করেন। নারীর সার্বিক ক্ষমতায়নের লক্ষ্যে রাষ্ট্রের বিঘোষিত নীতির সাথে সংগতিপূর্ণ মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়নে নিরবিচ্ছিন্ন কর্মপ্রয়াস পরিচালনায় সক্ষম একটি বিশেষায়িত প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজন নীতি নির্ধারনী মহলে অনুভূত হয় । ফলশ্রুতিতে জয়িতা ফাউন্ডেশনকে Societies Registration Act-1860 এর আওতায় নিবন্ধনকৃত অলাভজনক একটি স্থায়ী প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা হয়েছে।

**প্রধান** অর্জন**সমূহ :**

ক) জয়িতা বিপণন কেন্দ্রে দেশের প্রত্যন্ত অঞ্চল হতে আগত ১৮০টি নিবন্ধনকৃত মহিলা সমিতি কে তাদের উৎপাদিত পণ্য ঢাকায় এনে বিপণনের জন্য স্টল বরাদ্দ করা হয়েছে।

খ) ১৮০টি মহিলা উদ্যোক্তা সমিতির সাথে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে সম্পৃক্ত প্রায় ১৪০০০ জন নারী জয়িতা বিপণন কেন্দ্রের মাধ্যমে ব্যবসায়ী কর্মকান্ডে সম্পৃক্ত হয়েছে।

গ) জয়িতা কার্যক্রমে সম্পৃক্ত নারীদের জীবন জীবিকায় কিছুটা ইতিবাচক প্রভাব ফেলেছে ক্ষেত্র বিশেষে ইতিবাচক পরিবর্তনের সুযোগ সৃষ্টি করে দিয়েছে ।

ঘ) জয়িতা উদ্যোগটি স্বাবলম্বী হতে ইচ্ছুক দেশের নারী সমাজের মধ্যে বিশেষ উদ্দীপনা ও আশার সঞ্চার করতে সমর্থ হয়েছে ।

ঙ) স্বকর্মসংস্থানে আগ্রহী অন্যান্য নারীরাও জয়িতা উদ্যোগের অগ্রযাত্রা বিশেষ আগ্রহের সাথে পর্যবেক্ষন করছে এবং জয়িতা কার্যক্রমে সম্পৃক্ত হতে আগ্রহ প্রকাশ করছে।

সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ:

ক) নারীদের ব্যবসায়ী কর্মকান্ড যেন একটি ছকে আবদ্ধ। নারীদের ব্যবসা বলতে একটি ক্ষুদ্র বুটিক হাউজ বা একটি বিউটি পার্লার। এ ধরণের সীমিত গুটি কয়েক বিকল্পের বাইরে আর সকল ব্যবসা যেন একান্তই পুরুষ সমাজের। এ ধরণের বহু বছর ধরে লালিত সনাতন জেন্ডার ধারণা থেকে নারী তথা নারী ব্যবসাকে বের করে আনা একটি অন্যতম বৃহৎ চ্যালেঞ্জ।

খ) দক্ষ নারী উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে বহুমুখী ব্যবসা সফল উদ্যোগ নারীদের দ্বারা গড়ে তোলাই জয়িতা ফাউন্ডেশনের প্রকৃত চ্যালেঞ্জ।

গ) সমাজে নারী ব্যবসাবান্ধব অনুকূল ভৌত অবকাঠামো ও পরিবেশ সৃষ্টি করাও জয়িতা ফাউন্ডেশনের চ্যালেঞ্জ গুলির মধ্যে অন্যতম।

ভবিষ্যত পরিকল্পনা:

নারীর সামগ্রিক ক্ষমতায়নের অন্যতম গুরুত্বর্পূণ অনুষঙ্গ নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন। জয়িতা ফাউন্ডেশন নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন প্রক্রিয়ার প্রত্যক্ষ ভূমিকা রাখার লক্ষ্যে একটি বিশেষায়িত প্রতিষ্ঠান। নারীদের ব্যবসা করার উপযোগী দেশব্যাপী একটি নারীবান্ধব আলাদা বাজার নেটওয়ার্ক পর্যায়ক্রমে সৃজন করে নারীদেরকে বিভিন্নমূখী ব্যবসা পরিচালনার জন্য প্রয়োজনীয় জ্ঞান-দক্ষতা প্রদান সহ নারীদের ব্যবসা করার উপযোগী একটি অনুকূল পরিবেশ গড়ে তোলার সুদুর প্রসারী পরিকল্পনা নিয়ে জয়িতা ফাউন্ডেশন অগ্রসর হচ্ছে।

২০১৫-১৬ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- বর্তমান জয়িতা বিপণন কেন্দ্রে নারীদের দ্বারা পরিচালিত হস্তশিল্পজাত পণ্য, কারুশিল্পজাত পণ্য, খাদ্যজাত পণ্য ও কৃষিজাত পন্যের বৈচিত্রকরণ, গুনগত ও নান্দনিক মানোন্নয়ন।
- উপযুক্ত কর্মকান্ডের মাধ্যমে জয়িতা-র একটি ইতিবাচক ব্র্যান্ড ইমেজ গড়ে তোলা।
- জয়িতা ফাউন্ডেশনের নামে বরাদ্দকৃত জায়গায় নিজস্ব অবকাঠামো গড়ে তুলে জয়িতা কার্যক্রম স্থানান্তরের মাধ্যমে উদ্যোগটিকে সাশ্রয়ী ও ব্যবসা অনুকূল (Business viable) করে গড়ে তোলা।
- জয়িতা ফাউন্ডেশনের বিভিন্ন পরিচালনা নীতিমালা প্রণয়ন করে প্রতিষ্ঠানের স্বচ্ছতা ও জবাবদিহিমূলক কর্মসম্পাদন ব্যবস্থা প্রবর্তন করে আভ্যন্তরীন সুশাসন নিশ্চিত করে আদর্শ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা।
- জয়িতা ফাউন্ডেশনের কার্যক্রমের সাথে সম্পৃক্ত তৃণমূল পর্যায়ের মহিলা উদ্যোক্তা সমিতিগুলিকে আরও কর্মমূখী, গতিশীল ও দায়বদ্ধ করার লক্ষ্যে সমিতি গুলোর আভ্যন্তরীন সুশাসন নিশ্চিত করা

## বিশেষ দ্রষ্টব্য :

জয়িতা ফাউন্ডেশন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাভূক্ত একটি নবীন সহযোগি প্রতিষ্ঠান। নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে একটি বিশেষায়িত প্রতিষ্ঠান হিসাবে জয়িতা ফাউন্ডেশন কে গড়ে তোলার প্রচেষ্টা নেয়া হচ্ছে। পদাদিকার বলে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রীর নেতৃত্বে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার প্রতিনিধি এবং অংশগ্রহণকারী নারী উদ্যোক্তা সমিতি সমূহের প্রতিনিধি সমন্বয়ে গঠিত বোর্ড অব গভর্ণরস দ্বারা পরিচালিত একটি স্বশাসিত ও অলাভজনক প্রতিষ্ঠান জয়িতা ফাউন্ডেশন।

সরকারের প্রত্যক্ষ নিয়ন্ত্রনাধীন বিভিন্ন সংস্থার ন্যায় জয়িতা ফাউন্ডেশন প্রত্যেক আর্থিক বছরে সরকারের নিয়মিত বাজেট বরাদ্দের আওতাভূক্ত প্রতিষ্ঠান নয়। তবে জন্মলগ্ন থেকেই প্রতিষ্ঠানটি একদিকে যেমন সরকারের নৈতিক সমর্থন লাভ করেছে, তেমনি আর্থিক সমর্থনও পেয়ে আসছে। সরকারের উৎস ব্যাতিত বিভিন্ন বেসরকারী ও আর্ন্তজাতিক উৎস হতেও আর্থিক সহযোগিতা গ্রহণের সুযোগ জয়িতা ফাউন্ডেশনের মেমোরেন্ডাম অব এসোসিয়েশনে রাখা হয়েছে। সরকার আশা করে যে, প্রাথমিকভাবে সরকারের অর্থানুকূল্যে প্রতিষ্ঠানটি গড়ে উঠলেও পর্যায়ক্রমে বেসরকারি ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানের আর্থিক ও কারিগরী সহযোগিতায় জয়িতা ফাউন্ডেশন এদেশের নারীসমাজের অর্থনৈতিক ক্ষমতায়নে একটি কার্যকর, বিশেষায়িত ও স্বনির্ভর প্রতিষ্ঠান হিসাবে আত্মপ্রকাশ করবে।

উপরোক্ত প্রেক্ষাপটে জয়িতা ফাউন্ডেশন তার সুচনালগ্ন থেকেই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসরণ করে একটি মডেল প্রতিষ্ঠান হিসাবে নিজেকে গড়ে তুলতে প্রয়াসী হয়েছে।

এমতাবস্থায়, বিবেচ্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০১৫-২০১৬ অর্থ বছর)-তে উল্লিখিত প্রত্যেকটি কার্যক্রমই সরকারের আর্থিক আনুকূল্য লাভের শর্তসাপেক্ষে প্রস্তাব করা হয়েছে। এ ক্ষেত্রে সরকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ইতিবাচক সাড়া দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন বিগত সরকারের অনন্য সৃষ্টি জয়িতা ফাউন্ডেশনকে সুদৃঢ় ভিত্তিতে সুপ্রতিষ্ঠিত করবে বলে জয়িতা কর্তৃপক্ষ প্রত্যাশা করে।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

এবং

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অন্যতম সহযোগী প্রতিষ্ঠান, জয়িতা ফাউন্ডেশনের প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন এর মধ্যে ................সালের ................ মাসের ....................তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হল :

২৯/৯/১৫

ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, | তারিখ

২১. ৯. ২০১৫

সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | তারিখ

সেকশন ১:

জয়িতা ফাউন্ডেশনের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১: **(Vision)** রূপকল্পঃ

নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের মাধ্যমে লিঙ্গসমতাভিত্তিক সমাজ বিনির্মাণ ত্বরান্বিতকরণ।

১.২. অভিলক্ষ্য: (Mission)

নারীর অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যে নারীর ব্যবসায়ী সম্ভাবনা বিকাশের অনুকূল পরিবেশ ও সুযোগ সৃষ্টির জন্য-

ক) নারীদের দ্বারা পরিচালিতব্য, দেশব্যাপী একটি নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক গড়ে তোলা;

খ) নারীবান্ধব বিপণন নেটওয়ার্ককে কেন্দ্র করে, পণ্য/সেবা উৎপাদন থেকে বিপণন পর্যন্ত সাপ্লাই চেইন গড়ে তুলে, চেইনের বিভিন্ন পর্যায়ে নারীদেরকে বাণিজ্যিক কার্যক্রমে নিয়োজিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্য সমূহ: (Strategic Objectives)

১.৩.১ জয়িতা ফাউন্ডেশনের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১। জয়িতা ফাউন্ডেশনের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ ও স্বনির্ভরকরণ;
২। ফাউন্ডেশনের আওতাভূক্ত তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তা সমিতি সমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ;
৩। নারীদের বিভিন্নমূখী ব্যবসায় সম্পৃক্তির জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান, ভৌত অবকাঠামো নির্মাণ ও অনুকূল পরিবেশ সৃজন;
৪। বহুমূখী ব্যবসায় নারীদের সম্পৃক্তির জন্য নারীর দক্ষতা ও সক্ষমতা উন্নয়ন;
৫। নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক কেন্দ্রীক বিভিন্ন পণ্য ও সেবার সাপ্লাই চেইনে নারীদেরকে বাণিজ্যিকভাবে নিয়োজিতকরণ;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ;

১। দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

৩। তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

৪। উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;

৫। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

১.৪ কার্যাবলি: (Functions)

- ব্র্যান্ড ভ্যালু সৃষ্টির প্রতি নজর রেখে জয়িতা ফাউন্ডেশনের আওতায় চলমান ব্যবসায়ী উদ্যোগ গুলিকে আরও শক্তিশালী করে সফল নারী উদ্যোক্তা সৃজন;
- জয়িতা ফাউন্ডেশনের নিজস্ব ভৌত অবকাঠামো ঢাকায় গড়ে তোলা এবং পর্যায়ক্রমে বিভাগ, জেলা ও উপজেলা সদরে সম্প্রসারণ;
- জয়িতা ফাউন্ডেশনের বিভিন্ন পরিচালনা নীতিমালা প্রণয়ন, প্রমিতকরণ ও বাস্তবায়নের মাধ্যমে প্রাতিষ্ঠানিক স্বচ্ছতা ও সুশাসন নিশ্চিতকরণ;
- বাজার চাহিদার দিকে লক্ষ্য রেখে পণ্য/সেবা উৎপাদন ও বাজারজাতকরণের সক্ষমতা ও দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ;
- ব্র্যান্ড ইমেজ সৃষ্টির উপযুক্ত কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন;
- জয়িতা কার্যক্রমে গতানুগতিকতার বাহিরে অভিনব উদ্যোগ উৎসাহিতকরণ;
- জয়িতা ফাউন্ডেশনের আওতাভূক্ত তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তা সমিতিগুলিকে শক্তিশালী করণ;
- পণ্য ও সেবার গুনগত ও নান্দনিক মানোন্নয়ন কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন;
- তথ্য প্রযুক্তি ব্যবহারের (IT enable) মাধ্যমে জয়িতা ফাউন্ডেশনের নিজস্ব সাংগঠনিক ও ব্যবস্থাপনা সক্ষমতা বৃদ্ধিকরণ;
- কর্মমূখী ও ফলাফল নির্ভর (Result based) জনসম্পদ ব্যবস্থাপনা কৌশল প্রণয়ন, অনুসরণ ও বাস্তবায়ন;
- জয়িতা ফাউন্ডেশনকে পর্যায়ক্রমিকভাবে স্বনির্ভরকরণের জন্য সময়াবদ্ধ কর্ম কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন;

## সেকশন ২

## জয়িতা ফাউন্ডেশনের আউটকাম(Outcome)

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক (Unit) | ভিত্তিবছর ২০১৩-১৪ | প্রকৃত* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপন | | মন্ত্রণালয়/বিভাগেরনির্ধারিত প্রভাবঅর্জনেরক্ষেত্রেযৌথভাবেদায়ীমন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহেরনাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | |
| ব্যবসা সফল নারী উদ্যোক্তা | নারী উদ্যোক্তা সমিতি | সংখ্যা | ১৮০ | ১৮০ | ২০০ | ৩০০ | ৫০০ | প্রশাসনিক মন্ত্রণালয় হিসাবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যথাবিহীত উদ্যোগ গ্রহনের ভিত্তিতে প্রয়োজনীয় সম্পদ (Resource) যথাযথ উৎস হতে আহরণ সাপেক্ষে। | |
| | নারী উদ্যোক্তা | সংখ্যা | ১৪০০০ | ১৪০০০ | ১৪২০০ | ১৫০০০ | ১৭০০০ | | |
| | ব্যবসা সফল নারী উদ্যোক্তা | সংখ্যা | - | - | ২৫ | ৪০ | ৭০ | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য ,অগ্রাধিকার ,কার্যক্রম ,কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ মার্চ

| কৌশলগত উদ্দেশ্য **(Strategic Objectives)** | কৌশলগত উদ্দেশ্যের মান **(Weight of Strategic Objective)** | কার্যক্রম **(Activities)** | কর্মসম্পাদন সূচক **(Performance Indicators)** | একক **(Unit)** | কর্মসম্পাদন সূচকের মান **(Weight of Performance Indicators)** | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ **(Target /Criteria Value for FY 2015-16)** | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ফাউন্ডেশনের কৌশলগত উদ্দেশ্য সমূহ | | | | | | | | | | | | | | |
| ১.জয়িতা ফাউন্ডেশনের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ ও স্বনির্ভরকরণ | ২৫ | ১.১.ভিশন, মিশন ও কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রেক্ষাপটে জয়িতা ফাউন্ডেশনের SWOT Analysis করণ। | ১.১.১. SWOT Analysis প্রতিবেদন | সংখ্যা ১টি | ২ | | | ১ | ০ | ০ | ০ | ০ | | |
| | | | | সময় | ১ | | | ডিসেম্বর, ২০১৫ | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | | |
| | | ১.২. SWOT Analysis এর ভিত্তিতে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট করণীয় চিহ্নিত করে সময়াবদ্ধ পুর্ণাঙ্গ কর্ম পরিকল্পনা প্রণয়ন | ১.২.১. কর্ম পরিকল্পনা দলিলের খসড়া | তারিখ | ২ | | | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | | |
| | | | ১.২.২.কর্ম পরিকল্পনা দলিলের চুড়ান্ত | তারিখ | ১ | | | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | কর্ম পরিকল্পনা বাস্তবায়ন | কর্ম পরিকল্পনা বাস্তবায়ন |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ১.৩.কর্ম পরিকল্পনা পর্যায়ক্রমে বাস্তবায়নের লক্ষ্যে বছর ভিত্তিক অগ্রাধিকার করণীয় গুলি চিহ্নিত করে এ বছরের করণীয় বাস্তবায়ন | ১.৩.১. বছর ভিত্তিক কাজের অগ্রাধিকার তালিকা | সংখ্যা ১টি | ৩ | - | - | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | | |
| | | ১.৪. স্বনির্ভরতার প্রতি বিশেষ গুরুত্ব দিয়ে বাস্তব চাহিদার নিরিখে প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো প্রনয়ন | ১.৪.১.প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামোর খসড়া (Organogram) | তারিখ | ১ | - | - | ডিসেম্বর, ২০১৫ | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | | |
| | | | ১.৪.২.প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামোর চূড়ান্ত (Organogram) | তারিখ | ১ | | | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | বাস্তবায়ন | বাস্তবায়ন |
| | | ১.৫.জনসম্পদ ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন | ১.৫.১.জনসম্পদ ব্যবস্থাপনা নীতিমালার খসড়া | তারিখ | ১ | | | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | | |
| | | | ১.৫.২.জনসম্পদ ব্যবস্থাপনা নীতিমালার চূড়ান্ত | তারিখ | ১ | | | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | বাস্তবায়ন | বাস্তবায়ন |
| | | ১.৬.আর্থিক ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন | ১.৬.১.আর্থিক ব্যবস্থাপনা নীতিমালার খসড়া | তারিখ | ২ | | | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | | |
| | | | ১.৬.২.আর্থিক ব্যবস্থাপনা নীতিমালার চূড়ান্ত | তারিখ | ১ | | | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | বাস্তবায়ন | বাস্তবায়ন |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ১.৭.অন্যান্য নীতিমালা (Standard Operating Procedures) প্রণয়ন ও পর্যায়ক্রমিক বাস্তবায়ন | ১.৭.১.অন্যান্য নীতিমালার খসড়া (Sops) | তারিখ | ১ | | | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | | |
| | | | ১.৭.২. অন্যান্য নীতিমালা চূড়ান্ত (Sops) | তারিখ | ১ | | | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | - | বাস্তবায়ন | বাস্তবায়ন |
| | | ১.৮. জয়িতা ফাউন্ডেশনকে স্বনির্ভরকরণের লক্ষ্যে সময় বদ্ধ কর্মকৌশল প্রণয়ন | ১.৮.১.কর্মকৌশল পত্রের খসড়া | তারিখ | ১ | | | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | | | |
| | | | ১.৮.২. কর্মকৌশল পত্র চূড়ান্ত | তারিখ | ১ | | | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | - | বাস্তবায়ন | বাস্তবায়ন |
| | | ১.৯. তথ্য প্রযুক্তি সমর্থিত (IT Enabled) ফাউন্ডেশনের সামগ্রিক ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে করণীয় চিহ্নিতকরণ | ১.৯.১. করনীয় গুলির তালিকার খসড়া | তারিখ | ১ | | | ডিসেম্বর, ২০১৫ | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | | |
| | | | ১.৯.২. করনীয় গুলির তালিকা চূড়ান্ত | তারিখ | ১ | | | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | | |
| | | ১.১০.চিহ্নিত করনীয় গুলি অগ্রাধিকার ভিত্তিতে সাজিয়ে একটি প্রকল্প / কর্মসূচি প্রণয়ন | ১.১০.১. প্রকল্প/কর্মসূচি দলিলের খসড়া | তারিখ | ২ | | | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | | |
| | | | ১.১০.২. প্রকল্প/কর্মসূচি দলিল চূড়ান্ত | তারিখ | ১ | | | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | | অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন | বাস্তবায়ন |

| কৌশলগত উদ্দেশ্য **(Strategic Objectives)** | কৌশলগত উদ্দেশ্যের মান **(Weight of Strategic Objective)** | কার্যক্রম **(Activities)** | কর্মসম্পাদন সূচক **(Performance Indicators)** | একক **(Unit)** | কর্মসম্পাদন সূচকের মান **(Weight of Performance Indicators)** | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ **(Target /Criteria Value for FY 2015-16)** | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ২. নারীদের বিভিন্নমূখী ব্যবসায় সম্পৃক্তির জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান, ভৌত অবকাঠামো নির্মাণ ও অনুকূল পরিবেশ সৃজন | ২০ | ২.১.ঢাকায়/বিভাগীয় সদরে জমি নির্বাচন | ২.১.১.দালিলিক প্রমান | সংখ্যা ৭টি | ২ | | | ৪ | ২ | ১ | ০ | ০ | বিভাগীয় ভৌত অবকাঠামো নির্মাণের ডিডিপি অনুমোদন | |
| | | ২.২.ঢাকায় ভৌত অবকাঠামো নির্মাণের জন্য ডিপিপি প্রণয়ন | ২.২.১. ডিপিপি খসড়া | তারিখ | ১ | | | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | | |
| | | | ২.২.২. ডিপিপি চুড়ান্ত | তারিখ | ১ | | | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | | |
| | | ২.৩.ঢাকায় নির্মিতব্য ভৌত অবকাঠামোর ডিপিপি মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ | ২.৩.১.অনুমোদনের জন্য পত্র প্রেরণ | তারিখ | ২ | | | জুন, ২০১৬ | - | - | - | - | | |
| | | ২.৪. ঢাকায় ভৌত অবকাঠামো নির্মাণ কাজ উদ্বোধন | ২.৪.১. উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন | তারিখ | ২ | | | - | - | - | - | - | (ডিসেম্বর, ২০১৬ মাসের মধ্যে) | |
| | | ২.৫. বিভিন্নমূখী ব্যবসায় নারীদের সম্পৃক্তির ক্ষেত্রে পরিবেশ/ পারিপার্শ্বিকতা গত বাধা/সমস্যা চিহ্নিত করণ | ২.৫.১.বাধা/ সমস্যা সম্বলিত প্রতিবেদন | তারিখ | ২ | | | ডিসেম্বর, ২০১৫ | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | | |
| | | ২.৬.বিভিন্নমূখী ব্যবসায় নারীদের সম্পৃক্তির সহায়ক পারিপার্শ্বিক বৈশিষ্ট গুলি চিহ্নিতকরণ | ২.৬.১.প্রতিবেদন | তারিখ | ২ | | | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| | | ২.৭.ব্যবসার প্রকৃতি ভিত্তিক নারীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের ক্ষেত্রগুলি চিহ্নিতকরণ | ২.৭.১. প্রতিবেদন | সংখ্যা ১টি | ২ | | | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | | |
| | | ২.৮. নারীদের বিভিন্নমূখী ব্যবসা সহায়ক পরিবেশ/ পারিপার্শ্বিকতা নিশ্চিতকরণে বাস্তব পদক্ষেপ চিহ্নিতকরণ | ২.৮.১. কর্মকৌশল পত্র | সংখ্যা ১টি | ২ | | | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | | |
| | | ২.৯. নারীদের বিভিন্নমূখী ব্যবসা সহায়ক প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে বাস্তব পদক্ষেপ পর্যায়ক্রমে গ্রহনের কর্মকৌশল প্রণয়ন | ২.৯.১. কর্মকৌশল পত্র | সংখ্যা ১টি | ২ | | | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ৩.বহুমূখী ব্যবসায় নারীদের সম্পৃক্তির জন্য নারীর দক্ষতা ও সক্ষমতা উন্নয়ন | ২০ | ৩.১. বাস্তব সুযোগ সুবিধা ও বাজার চাহিদার নিরিখে নারীদের সম্পৃক্ত হওয়ার উপযোগী ব্যবসার প্রকৃতি নিরুপন | ৩.১.১. বিভিন্ন প্রকৃতির ব্যবসার তালিকা | সংখ্যা ১টি | ২ | | | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | | |
| | | ৩.২.ব্যবসার প্রকৃতি ভিত্তিক নারীদের জন্য প্রয়োজনীয় দক্ষতা ও সক্ষমতা উন্নয়নের ক্ষেত্রগুলি চিহ্নিতকরণ | ৩.২.১. ব্যবসার প্রকৃতি ভিত্তিক দক্ষতা ও সক্ষমতা উন্নয়নের চিহ্নিত ক্ষেত্র সমূহের তালিকা | সংখ্যা ১টি | ২ | | | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | | |
| | | ৩.৩. দক্ষতা ও সক্ষমতার চিহ্নিত ক্ষেত্রগুলির ভিত্তিতে প্রশিক্ষণ চাহিদা নিরুপন | ৩.৩.১. TNA প্রতিবেদনে | তারিখ | ২ | | | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | | |
| | | ৩.৪. প্রশিক্ষণ প্রদান পদ্ধতি নিরুপন | ৩.৪.১.প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত পদ্ধতি (এপ্রিল, ২০১৬ মাসের মধ্যে) | তারিখ | ২ | | | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | | |
| | | ৩.৫. প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ নির্ধারণ | ৩.৫.১. প্রশিক্ষণ উপকরণ তালিকা | তারিখ | ২ | | | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ৩.৬. উপযুক্ত প্রশিক্ষক নির্ধারণ | ৩.৬.১. প্রশিক্ষকের তালিকা | সংখ্যা | ২ | | | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | - | | |
| | | ৩.৭. ব্যবসার প্রকৃতিভিত্তিক পূর্ণাঙ্গ প্রশিক্ষণ প্যাকেজ প্রণয়ন | ৩.৭.১.ব্যবসা প্রকৃতি ভিত্তিক প্রশিক্ষণ প্যাকেজ | সংখ্যা ৩টি | ২ | | | জুন, ২০১৬ | - | - | - | - | | |
| | | ৩.৮. প্রশিক্ষণ আয়োজন | ৩.৮.১.প্রশিক্ষণ মূল্যায়ন প্রতিবেদন | তারিখ | ২ | | | - | - | - | - | - | প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন | |
| | | ৩.৯. প্রশিক্ষনের কার্যকারীতা যাচাই | ৩.৯.১. Report on Training Effectiveness | সংখ্যা ১টি | ২ | | | - | - | - | - | - | ঐ | |
| | | ৩.১০. সতেজক প্রশিক্ষণ/ ইন্টার্নশীপের ব্যবস্থাকরণ | ৩.১০.১. প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন প্রতিবেদন | প্রশিক্ষণার্থীদের সংখ্যানুরুপ | ২ | | | - | - | - | - | - | ঐ | |
| ৪. ফাউন্ডেশনের আওতাভূক্ত তৃণমূল পর্যায়ের নারী উদ্যোক্তা সমিতি সমূহের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ১০ | ৪.১. সমিতি সমূহের বর্তমান অবস্থা নিরূপন (Base line) | ৪.১.১. জরিপ প্রতিবেদন | তারিখ | ২ | | | ডিসেম্বর, ২০১৫ | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | | |
| | | ৪.২ .ব্যবসায়ী উদ্যোগ পরিচালনায় সমিতি সমূহের প্রতিবন্ধকতা গুলি চিহ্নিতকরণ | ৪.২.১.চিহ্নিত প্রতিবন্ধকতা সংক্রান্ত প্রতিবেদন | তারিখ | ১ | | | ডিসেম্বর, ২০১৫ | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | | |
| | | ৪.৩. ব্যবসায়ী উদ্যোগ পরিচালনায় সক্ষম একটি আর্দশ সমিতির রূপরেখা প্রণয়ন (End line) | ৪.৩.১.আদর্শ সমিতির রূপরেখা | সংখ্যা ১টি | ১ | | | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ৪.৪.আর্দশ ও বর্তমান সমিতির মধ্যে বিদ্যমান গ্যাপ (Areas of Interventions) গুলি চিহ্নিত করণ | ৪.৪.১. গ্যাপ এ্যানালাইসিস সহ Areas of Interventions সম্বলিত প্রতিবেদন | তারিখ | ১ | | | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | | |
| | | ৪.৫. বিদ্যমান গ্যাপ গুলি অপসারণের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ করণীয়/বর্জনীয় গুলি চিহ্নিত করণ | ৪.৫.১. পদক্ষেপসহ চিহ্নিত করণীয় ও বর্জনীয় সমূহের তালিকা | সংখ্যা ১টি | ১ | | | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | | |
| | | ৪.৬. চিহ্নিত পদক্ষেপ সমূহ সমিতিতে চর্চার কর্মকৌশল প্রণয়ন | ৪.৬.১. কৌশল পত্র প্রণীত | সংখ্যা ১টি | ১ | | | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | | |
| | | ৪.৭. কর্মকৌশল গুলি পর্যায়ক্রমিক বাস্তবায়নের কর্মপরিকল্পনা | ৪.৭.১. কর্মপরিকল্পনা পত্র প্রণীতি | সংখ্যা ১টি | ১ | | | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | | |
| | | ৪.৮. ব্যবসা পরিচালনায় সমিতির সকল সদস্যের ন্যায়ানুগ স্বার্থ সংরক্ষনের কর্মকৌশল প্রণয়ন | ৪.৮.১. কৌশল পত্র প্রণীত | সংখ্যা ১টি | ১ | | | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ৪.৯. বিভিন্ন প্রকৃতির ব্যবসাবান্ধব নারী উদ্যোক্তাভিত্তিক নতুন সমিতি গঠন ও নিবন্ধন সম্পর্কে নিবন্ধন কর্তৃপক্ষ বরাবরে সুপারিশ প্রেরণ | ৪.৯.১. সুপারিশমালা | সংখ্যা ১ | ১ | | | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | - | | |
| ৫. নারীবান্ধব বিপণন নেটওয়ার্ক কেন্দ্রীক বিভিন্ন পণ্য ও সেবার সাপ্লাই চেইনে নারীদেরকে বাণিজ্যিকভাবে নিয়োজিতকরণ | ১০ | ৫.১. বাস্তব সুযোগ-সুবিধা ও বাজার চাহিদার নিরিখে নারীদের সম্পৃক্ত হওয়ার উপযোগী ব্যবসা সম্ভাবনাপূর্ণ পণ্য ও সেবা গুলি চিহ্নিতকরণ | ৫.১.১. পণ্য/সেবার তালিকা | সংখ্যা ১টি | ১ | | | ডিসেম্বর, ২০১৫ | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | | |
| | | ৫.২.পণ্য ও সেবা ভিত্তিক সাপ্লাই চেইনের রুপরেখা প্রণয়ন | ৫.২.১. রুপরেখা সংক্রান্ত প্রতিবেদন | সংখ্যা ১টি | ১ | | | জানুয়ারী, ২০১৬ | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | | |
| | | ৫.৩. পণ্য ও সেবা ভিত্তিক সাপ্লাই চেইন সক্রিয়করণের কৌশল প্রণয়ন | ৫.৩.১. কৌশল পত্র | সংখ্যা ১টি | ১ | | | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | | |
| | | ৫.৪. কৌশল বাস্তবায়নে ব্যবস্থাপনা জ্ঞান ও দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ চাহিদা নিরুপন | ৫.৪.১. প্রশিক্ষণ চাহিদা সংক্রান্ত প্রতিবেদন | সংখ্যা ১টি | ১ | | | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৫-১৬ (Target /Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন )Projection( ২০১৬ -১৭ | প্রক্ষেপন )Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | ৫.৫. প্রশিক্ষন পদ্ধতি, প্রশিক্ষণ মেয়াদ ও উপযুক্ত প্রশিক্ষক নিরুপন পূর্বক পণ্য ও সেবা ভিত্তিক সাপ্লাই চেইন সক্রিয়করণে প্রশিক্ষণ প্যাকেজ প্রণয়ন | ৫.৫.১. প্রশিক্ষণ প্যাকেজ (মে, ২০১৬ মাসের মধ্যে) | সংখ্যা ৩টি | ১ | | | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | - | | |
| | | ৫.৬. প্রশিক্ষণ আয়োজন | ৫.৬.১.শিক্ষণার্থীদের মূল্যায়ন | প্রশিনার্থী দের সংখ্যা | ১ | | | জুন, ২০১৬ | - | - | - | - | | |
| | | ৫.৭. প্রশিক্ষণের কার্যকারীতা যাচাই | ৫.৭.১.কার্যকারীতা যাচাই প্রতিবেদন | তারিখ | ১ | | | - | - | - | - | - | প্রশিক্ষণের কার্যকারীতা যাচাই মূল্যায়ন ও পুন:বিন্যাসকরণ | |
| | | ৫.৮. প্রশিক্ষণ প্যাকেজ পুনবিন্যাসকরণ ও প্রশিক্ষণ আয়োজন | ৫.৮.১.পূন:বিন্যাসকৃত প্রশিক্ষণ প্যাকেজ ও ফিডব্যাক | | ১ | | | - | - | - | - | - | | |
| | | ৫.৯. সাপ্লাই চেইনে নিয়োজিত নারীদের বাণিজ্যিক স্বার্থ সংশ্লিষ্ট ক্ষেত্র ও প্রকৃতি নিরুপন | ৫.৯.১. নিরুপন প্রতিবেদন প্রণীত | তারিখ | ১ | | | ফেব্রুয়ারী, ২০১৬ | মার্চ, ২০১৬ | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | | |
| | | ৫.১০. সাপ্লাই চেইনে প্রশিক্ষিত নারীদেরকে বাণিজ্যিকভাবে নিয়োজিতকরণ ও জীবিকায়নের ব্যবস্থাকরণের কৌশল প্রণয়ন | ৫.১০.১. কৌশল পত্র প্রণীত | তারিখ | ১ | | | এপ্রিল, ২০১৬ | মে, ২০১৬ | জুন, ২০১৬ | - | - | | |

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান -২০১৫-১৬ (Target Value -2015-16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত | তারিখ | ১ | ২৮ এপ্রিল ২০১৬ | ৫ মে ২০১৬ | ১২ মে ২০১৬ | ১৯ মে ২০১৬ | ২৬ মে ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়[1] | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ১ ডিসেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থায় বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্স চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ১ জুন ২০১৬ | ৮ জুন ২০১৬ | ১৫ জুন ২০১৬ | ২২ জুন ২০১৬ | ২৯ জুন ২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

[1] ৬০ ঘণ্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশনের প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিবের নিকট অঙ্গীকার করছি যে ,এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি হিসাবে ব্যবস্থাপনা পরিচালক জয়িতা ফাউন্ডেশন এর নিকট অঙ্গীকার করছি যে ,এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে জয়িতা ফাউন্ডেশনকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ব্যবস্থাপনা পরিচালক
জয়িতা ফাউন্ডেশন

২০/৯/১৫
তারিখ

২০.৯.২০১৫
সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

তারিখ

**সংযোজনী-১**

## আদ্যক্ষরা
## (Acronyms)

SWOT- Strengths, Weakness, Opportunities and Threats
TNA- Training Need Assessment
মশিবিম- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

**সংযোজনী- ২:** কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপন পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | সংখ্যা ও তারিখ | প্রস্তাবিত কার্যক্রম বর্ণিত সংখ্যায় উল্লিখিত তারিখের মধ্যে সম্পাদন | জয়িতা ফাউন্ডেশন | বার্ষিক প্রতিবেদন | |

**সংযোজনী ৩ :**কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| সংস্থার ধরণ | সংস্থার নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত সংস্থার নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | সংখ্যা ও তারিখ | প্রশাসনিক মন্ত্রণালয় হিসেবে যথাযথ উৎস হতে প্রয়োজনীয় অর্থ সংস্থান করা ও ফাউন্ডেশনকে যোগান দেয়া | জয়িতা ফাউন্ডেশনের প্রস্তাবিত কার্যক্রম বাস্তবায়নের জন্য নিজস্ব প্রয়োজনীয় অর্থের সংস্থান নেই। | ১০০ ভাগ | প্রস্তাবিত কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সম্ভব নয়। |